# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ

সদর দপ্তর, ময়মনসিংহ-২২০১

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩-১৭৪ তারিখ: ২৭.০৪.২০২৪ ইং

বিষয়: ইনস্টিটিউটের ২০২৩-২৪ আর্থিক সালের গবেষণা ও ব্যবস্থাপনা বিষয়ক ৬ষ্ঠ কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী ও কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত অনুসারে কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

বিগত ৩০.০৩.২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ইনস্টিটিউটের সদর দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থ বছরের গবেষণা ও ব্যবস্থাপনা পর্যালোচনা বিষয়ক ৬ষ্ঠ কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অবিলম্বে সদর দপ্তরে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

স্বাক্ষরিত/-
(শায়লা সুলতানা লিলি)
বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩- ১৭৪ তারিখ: 27.04.2024 ইং

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ও কেন্দ্র প্রধান, স্বাদুপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা), গবেষণা শাখা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৫. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা) ও কেন্দ্র প্রধান, নদী কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চাঁদপুর।
৬. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা) ও কেন্দ্র প্রধান, লোনাপানি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, পাইকগাছা, খুলনা।
৭. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা) ও কেন্দ্র প্রধান, বাগেরহাট চিংড়ি গবেষণা কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাগেরহাট।
৮. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও কেন্দ্র প্রধান, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, কক্সবাজার।
৯. উপকেন্দ্র প্রধান, স্বাদুপানি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, যশোর।
১০. উপকেন্দ্র প্রধান, নদী উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, খেপুপাড়া।
১১. উপকেন্দ্র প্রধান, স্বাদুপানি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সৈয়দপুর।
১২. উপকেন্দ্র প্রধান, প্লাবনভূমি উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সান্তাহার, বগুড়া।
১৩. উপকেন্দ্র প্রধান, নদী উপকেন্দ্র, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৪. সিস্টেম এনালিস্ট, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (ইনস্টিটিউটের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. উপ পরিচালক (হিসাব ও অর্থ), সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৬. নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৭. ফোকাল পয়েন্ট, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (বিএফআরআই-কম্পোনেন্ট), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
১৮. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১৯. উপ পরিচালক (প্রশাসন), সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২০. উর্ধ্বতন গ্রন্থাগারিক, গ্রন্থাগার ও তথ্যায়ন শাখা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২১. ফোকাল পয়েন্ট, এপিএ/এসডিজি, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২২. সহকারী পরিচালক (চ.দা), সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২৩. প্রকাশনা কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

অনুলিপি:

১. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. সংশ্লিষ্ট/মাস্টার নথি।

27.04.2024

বৈজ্ঞানিক কর্মকর্তা

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

**ময়মনসিংহ**

স্মারক নং-৩৩.৩৪.০০০০.১০৭.০২.০০৪.০৩- ৩৭২ তারিখ: ২৭.০৪.২০২৪

| | | |
|---|---|---|
| বিষয় | : | ইনস্টিটিউটের ২০২৩-২৪ অর্থ বছরের ৬ষ্ঠ কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ড. মো. জুলফিকার আলী, মহাপরিচালক। |
| স্থান | : | ইনস্টিটিউটের কনফারেন্স রুম, সদর দপ্তর, ময়মনসিংহ। |
| তারিখ ও সময় | : | ৩০.০৩.২০২৪ সকাল ১০:০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

ইনস্টিটিউটের ২০২৩-২৪ অর্থ বছরের ৬ষ্ঠ কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর ইনস্টিটিউটের সদর দপ্তরসহ বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রে চলমান গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**আলোচ্য সূচী ১.পরিকল্পনা ও মূল্যায়ন শাখা**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | এপিএ ও এসডিজি বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং এসডিজি বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা অনুসরণ করে কেন্দ্র/উপকেন্দ্রের খসড়া SDG আগামী জুন-২০২৪ এর মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, এপিএ/এসডিজি |
| খ) | শুদ্ধাচার, ই-গর্ভন্যান্স ও ইনোভেশন, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার বিষয়ক ক্যালেন্ডার তৈরি করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট, ফোকাল পয়েন্ট |
| গ) | ছোট মাছ এবং মিঠাপানির মাছের মড়ক প্রতিরোধে ভ্যাকসিন উদ্ভাবন বিষয়ক ডিপিপিটি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সংশোধন করে ১ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সিএসও পরিকল্পনা |
| ঘ) | হাওর মৎস্য গবেষণা কেন্দ্র, সুনামগঞ্জ প্রকল্পের ডিপিপির অগ্রগতি বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। | সিএসও পরিকল্পনা |
| ঙ) | কেন্দ্র/উপকেন্দ্রের হ্যাচারিতে রেনু/পোনা উৎপাদন অগ্রগতি এবং আর্থিক প্রতিবেদন নির্দিষ্ট ফরমেটে নিয়মিতভাবে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। মাছ/রেনু/পোনার বিক্রয় মূল্য সদর দপ্তর থেকে অনুমোদন গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | সিএসও, পরিকল্পনা ও কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |
| চ) | কেন্দ্র/উপকেন্দ্রের হ্যাচারীতে মাছ/রেনু/পোনার উৎপাদন লক্ষ্য মাত্রা এবং বিক্রয় মূল্য অথবা দর হার নির্ধারণ ও অনুমোদনের জন্য সভা আহবান করতে হবে। | পরিচালক (গবে. ও পরি) ও সিএসও, পরিকল্পনা |
| ছ) | ৪র্থ শিল্প বিপ্লব এর বিষয়ে ডিপিপি প্রণয়ন কমিটির প্রতি সভায় অসন্তোষ প্রকাশ করা হয়, ডিপিপি দ্রুত প্রণয়ন করে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করতে হবে। | সিএসও, পরিকল্পনা ও ড. মো: মশিউর রহমান ড. মো: সিরাজুম মনির এসএসও, স্বাপাকে |

**আলোচ্য সূচী ২. প্রশাসন শাখা**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | শূণ্য পদ পূরণের দ্রুত ব্যবস্থা নিতে হবে। তাছাড়া, যেসব কেন্দ্র/উপকেন্দ্রে জনবল প্রয়োজন সে ক্ষেত্রে বদলী পূর্বক জনবল দিতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) |
| খ) | ইনস্টিটিউটের মহাপরিচালক ও পরিচালকদের গ্রেড উন্নীতকরণ এবং প্রবিধানমালার উপর মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাব নিয়মিত অনুসরন করতে হবে। | ঐ |
| গ) | ইনস্টিটিউটের সদর দপ্তর, স্বাদুপানি কেন্দ্র, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, লোনাপানি কেন্দ্র এবং নদী উপকেন্দ্র রাঙ্গামাটি পরিদর্শণ করে অকেজো মালামাল কনডেম ঘোষনার জন্য তাগিদপত্র দিতে হবে এবং নিলামের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক |
| ঘ) | সদর দপ্তরে বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের পেন্ডিং বিষয় দ্রুত উপস্থাপন করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) |
| ঙ) | ইনস্টিটিউটের লোনাপানি কেন্দ্রের খন্ডকালীন চিকিৎসকের সম্মানী বৃদ্ধির বিষয়ে আগামী বোর্ড সভায় প্রস্তাব করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) |

আলোচ্য সূচী ৩. গবেষণা শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ৩০ শে এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে চূড়ান্ত করে দাখিল করতে হবে। | সিএসও গবেষণা শাখা |
| খ) | ২০২২-২৩ অর্থ বছরে সমাপ্তকৃত গবেষণা প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিএসও গবেষণা শাখা |
| গ) | আগামী সভায় কক্সবাজারস্থ সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্রে চলমান গবেষণা প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | কেন্দ্র প্রধান কক্সবাজার |
| ঘ) | রাঙ্গামাটিস্থ নদী উপকেন্দ্রের এসএসও জনাব বি.এম. শাহীনুর রহমান এর বিরুদ্ধে অফিস শৃঙ্খলা পরিপন্থী ও উদ্ধ্যতপূর্ণ আচরণ করার ব্যাখ্যা চাহিয়া কারণ দর্শানোর নোটিশ দিতে হবে। | সিএসও গবেষণা শাখা |
| ঙ) | যশোরস্থ উপকেন্দ্রের ল্যাব আধুনিকায়ন করতে হবে। উপকেন্দ্র থেকে আঞ্জুস, নারিকেলি চেলা, খঁলিশা এবং দোয়ারি মাছের পোনা উৎপাদন করে তা পরবর্তীতে চাষী ও হ্যাচারী মালিকদের সরবরাহ করতে হবে এবং ইনস্টিটিউটের পুকুরে লালন পালন করতে হবে। | উপকেন্দ্র প্রধান, যশোর |
| চ) | লাইভ ফিড, ফিস ড্রায়ার ও ইনস্টিউটের উদ্ভাবিত অন্যান্য প্রযুক্তি সমূহের প্যাটেন্ট তৈরীর দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) |
| ছ) | ইনস্টিটিউটের কোর গবেষণা প্রকল্পের কারিগরি সভা দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিএসও গবেষণা শাখা |

আলোচ্য সূচী ৪. প্রশিক্ষণ শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে GIS ও RS বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | এসএস ও প্রশিক্ষণ বিভাগ |
| খ) | ডি-নথি, Research Methology, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ই-গর্ভন্যান্স এবং উদ্ভাবন, ই-সার্ভিসেস প্লাটর্ফম বিষয়ক প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। | এসএসও, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট |
| গ) | আইবাস বিষয়ক প্রশিক্ষণ এপ্রিল, ২০২৪ মাসে আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ ও উপপরিচালক (হিসাব ও অর্থ) |

আলোচ্য সূচী ৫. হিসাব শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | ইনস্টিটিউটের অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত জবাব দিতে হবে। এতদবিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপ পরিচালক (হিসাব) |
| খ) | অডিট আপত্তির উপর দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অতি দ্রুত আয়োজনের ব্যবস্থা নিতে হবে। একইসাথে অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ পরিচালক (হিসাব) |
| গ) | ২০২২-২৩ অর্থবছরের অডিট আপত্তির ব্রডসীট জবাব দ্রুত অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | উপ পরিচালক (হিসাব) |
| ঘ) | কর্মকর্তা ও কর্মচারীর ভবিষ্যত তহবিলের কর্তৃনকৃত টাকা ব্যাংকে বিনিয়োগ বিষয়ে বিস্তারিত আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপ পরিচালক (হিসাব) |

আলোচ্য সূচী ৬.প্রকৌশল শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | চলতি অর্থ বছরের (২০২৩-২৪) পূর্ত কাজ অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত বাস্তবায়ন করতে হবে। একইসাথে কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী |
| খ) | ইনস্টিটিউটের সদর দপ্তর, নদী কেন্দ্র ও লোনাপানি কেন্দ্রের ডরমিটরি/গেষ্ট হাউজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিএসও নদী কেন্দ্র/লোনাপানি কেন্দ্র ও নির্বাহী প্রকৌশলী |
| গ) | বাগেরহাট কেন্দ্রের হ্যাচারী সংস্কারের কাজ ও পুকুরপাড়ের ড্রেন মেরামতের ব্যবস্থা নিতে হবে। | সিএসও বাগেরহাট কেন্দ্র ও নির্বাহী প্রকৌশলী |

আলোচ্য সূচী ৭. আইসিটি শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | ইনস্টিটিউটের সদর দপ্তরসহ সকল কেন্দ্র ও উপকেন্দ্রের ডি-নথি ব্যবহার কার্যক্রম দ্রুত তার সাথে জোরদার করতে হবে। | সিস্টেম এনালিস্ট কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |
| খ) | ইনোভেশন, সেবাসহজীকরণ, ই-সেবা প্রবর্তন ও তথ্য বাতায়ন হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট (ই-গর্ভনের্স)/সিস্টেম এনালিস্ট |

আলোচ্য সূচী ৮. গ্রন্থাগার ও প্রকাশনা শাখা

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | ইনস্টিটিউটের অনলাইন ভিত্তিক নিজস্ব জার্নাল প্রণয়নের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং জার্নাল ৩০ শে এপ্রিল ২০২৪ এর মধ্যে প্রকাশ করতে হবে। | উর্দ্ধতন গ্রন্থাগারিক ও প্রকাশনা কর্মকর্তা |
| খ) | জার্নাল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| গ) | ইনস্টিটিউটের নিউজ লেটার এপ্রিল ২০২৪ এর মধ্যে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |
| ঘ) | প্রয়োজনীয় লিফলেট/বুকলেট হালনাগাদ করে দ্রুত প্রকাশের করতে হবে। | প্রকাশনা কর্মকর্তা |

আলোচ্য সূচী ৯. উন্নয়ন প্রকল্প

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | সমাপ্তকৃত সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)'' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় কক্সবাজার কেন্দ্রে নির্মিত হ্যাচারি ও অফিস ভবনে যেসব নির্মাণ ত্রুটি ধরা পড়েছে তা দ্রুত মেরামত করতে হবে। | কেন্দ্র প্রধান/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী |
| খ) | "SCMFP (BFRI-Component)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় পাইকগাছার হ্যাচারী সংস্কার কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান |
| গ) | "SCMFP (BFRI-Component)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান |
| ঘ) | ব্লু-ইকোমি এর ওপর কর্মশালা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট |

আলোচ্য সূচী ১০. বিবিধ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ক) | কেন্দ্র/উপকেন্দ্র নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। কেন্দ্র প্রধান কর্তৃক অধীনস্থ উপকেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে এবং প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান |
| খ) | যানবাহন ব্যবহারের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করতে হবে। | কেন্দ্র/উপকেন্দ্র প্রধান |

পরিশেষে সভার কার্যবিবরণীর জন্য অপেক্ষা না করে গৃহিত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৪/২৪

(ড. মো. জুলফিকার আলী)
মহাপরিচালক